



GOVERNMENT OF WEST BENGAL

Office of the Principal

NAYAGRAM PANDIT RAGHUNATH MURMU GOVERNMENT COLLEGE

BALIGERIA, NAYAGRAM, JHARGRAM-721125

Memo No: NGC/Admn/23-24/06

Date: 01/07/2023

NOTICE

এবার থেকে নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুর্মু সরকারী মহাবিদ্যালয়ে চার বছরের সাম্মানিক স্নাতক বা অনার্স ডিগ্রি কোর্স ও আগের মতো তিন বছরের স্নাতক পাসকোর্স পড়ানো হবে

আর তিন বছর নয়, জাতীয় শিক্ষানীতি মেনে এবার নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুর্মু সরকারী মহাবিদ্যালয়ে চালু হচ্ছে চার বছরের অনার্স ডিগ্রি কোর্স। চলতি শিক্ষাবর্ষ থেকেই এই নয়া নিয়ম কার্যকরী হবে। নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুর্মু সরকারী মহাবিদ্যালয়ে আটটি বিষয়ের উপর সাম্মানিক বা অনার্স ডিগ্রির পাঠদান হবে। বিষয়গুলি হল বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, সংস্কৃত, রাষ্ট্র বিজ্ঞান, সমাজতত্ত্ব এবং সাঁওতালি।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে জাতীয় শিক্ষানীতি, ২০২০ রূপরেখা অনুযায়ী ২০২৩ - ২০২৪ শিক্ষাবর্ষ থেকে নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুর্মু সরকারী মহাবিদ্যালয়ে কলা বিভাগে চার বছরের সাম্মানিক স্নাতক বা অনার্স কোর্সগুলির পঠন পাঠন শুরু হবে। তবে পাসকোর্স আপাতত তিন বছরই থাকছে। চার বছরের কোর্সগুলি আটটি সেমেস্টারে বিভক্ত এবং এই কোর্সের মোট ক্রেডিট ১৬৬। তিন বছরের কোর্সগুলি ছয়টি সেমেস্টারে বিভক্ত এবং এই কোর্সের মোট ক্রেডিট ১২৬। স্নাতক (অনার্স ও পাস) কোর্সগুলির প্রত্যেকটির সাথে এবিলিটি এনহেন্সমেন্ট কোর্স, স্কিল এনহেন্সমেন্ট কোর্স, মাল্টি ডিসিপ্লিনারি কোর্স এবং ভ্যালু অ্যাডেড কোর্সের কয়েকটি বিষয় পড়ানো হবে। প্রত্যেককেই ওই বিষয়গুলি নিয়ে পড়তেই হবে।

নতুন শিক্ষাবর্ষে স্নাতক অনার্স ডিগ্রি কোর্স কলা বিভাগ নামটা পরিবর্তন করে **4-year B.A. (Hons. / Hons. with Research) with Major (Single Major Programme)** করা হয়েছে। পাসকোর্সে আর্টস বা কলা বিভাগ নামটা পরিবর্তন করে **3-year B.A. (Bachelor's Degree) with Multidisciplinary Programme** করা হয়েছে এবং এই কোর্সটিকে দুটি ভাগে বিভক্ত করা হয়েছে। একটিতে থাকছে তিন বছরের সমাজ বিজ্ঞানের কোর্স – যেখানে ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজতত্ত্ব বিষয়গুলি পড়ানো হবে। এবং অন্যটি হল তিন বছরের হিউম্যানিটিস – এর কোর্স যেখানে বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, সংস্কৃত, রাষ্ট্র বিজ্ঞান, সমাজতত্ত্ব, সাঁওতালি এবং শারীর শিক্ষা এই বিষয়গুলি পড়ানো হবে। উল্লেখ্য, নতুন শিক্ষানীতিতে ভূগোল বিষয়টিকে সমাজবিজ্ঞান বিভাগে পাসকোর্সে পড়ানো হবে।

এই শিক্ষানীতিতে শংসাপত্রের ধরনেও পরিবর্তন আনা হয়েছে। স্নাতকের দুটি সেমেস্টার অর্থাৎ প্রথম বর্ষ উত্তীর্ণ হলে সার্টিফিকেট কোর্স, চারটি সেমেস্টার (দ্বিতীয় বর্ষ) উত্তীর্ণ হলে ডিপ্লোমা বলে গ্রাহ্য হবে। স্নাতকস্তরের [**4-year B.A. with Major (Single Major Programme)**] ছাত্র-ছাত্রীরা তৃতীয় বর্ষে ছয়টি সেমেস্টারের পর সর্বমোট ৭৫ শতাংশ বা তার বেশি নম্বর পেয়ে থাকলে চতুর্থ বর্ষে গবেষণামূলক পড়াশোনা করার সুযোগ পাবে। এই নতুন শিক্ষা ব্যবস্থায় কোনও ছাত্র-ছাত্রী কোর্স চলাকালীন পড়াশোনা থেকে বেরিয়ে গেলেও পুনরায় তা শুরু করার পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছে। ছাত্র-ছাত্রীরা আরও বিশদে জানতে চাইলে মহাবিদ্যালয়ের ওয়েব সাইট [<http://nayagramprmgovtcollege.ac.in>] ও *Online Admission Portal* এ দেওয়া নোটিশগুলি ও *Admission Brochure* দেখতে পারেন।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুন্সু সরকারী মহাবিদ্যালয়

আহ্বায়ক

ভর্তি সংক্রান্ত উপসমিতি

নয়াগ্রাম পণ্ডিত রঘুনাথ মুন্সু সরকারী মহাবিদ্যালয়